



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৮ মে ২০২৩

চসিক বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে ভারপ্রাণ মেয়রের মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাণ মেয়রের দায়িত্ব গ্রহণ করেছেন প্যানেল মেয়র ও কাউন্সিলর আফরোজা জহর। রোববার
দায়িত্ব গ্রহণের প্রথম দিন তিনি শুরু করেন কাউন্সিলর ও কর্মকর্তাদের নিয়ে নগর ভবনের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধুর
প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শান্তি নিবেদনের মাধ্যমে।

এরপর ভারপ্রাণ মেয়র চসিকের বিভাগ ও শাখাসমূহের প্রধানদের সাথে সভায় বসেন। এসময় মেয়র বলেন, প্রাচ্যের রানী খ্যাত
চট্টগ্রাম নগরী প্রাকৃতিক দিক থেকে একটি সৌন্দর্য্যর নগরী। এই নগরীকে বিশ্বের উন্নত নগরী হিসেবে গড়ে তোলার জন্য
প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজে দায়িত্ব নিয়েছেন এবং চট্টগ্রামের উন্নয়নের জন্য আড়াই হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছেন। এসব
উন্নয়ন কাজ শেষে হলে চট্টগ্রাম দেশের অর্থনৈতিক হাব হিসেবে গুরুত্ব বহন করবে বলেই প্রধানমন্ত্রী উন্নয়নের দায়িত্ব তিনি নিজ
হাতে নিয়েছেন। এ ক্ষেত্রে আমাদেরকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে।

চসিকের সচিব খালেদ মাহমুদের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন কাউন্সিলর মোহাম্মদ শহিদুল আলম, হাসান মুরাদ বিপ্লব,
মোঃ শেখ জাফরগুল হায়দার চৌধুরী, মোঃ আবদুস সালাম, পুলক খানগীর, মোহাম্মদ আবদুল মাল্লান, সংরক্ষিত নারী কাউন্সিলর
জেসমিন পারভাইন জেসী, রুমকি সেনগুপ্ত, জাহেদ বেগম পাপি, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরগুল ইসলাম, প্রধান শিক্ষা
কর্মকর্তা লুৎফুন নাহার, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, শিক্ষা কর্মকর্তা উজলা রানী চাকমা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী
মনিরগুল হুদা, উপ-সচিব আশেক রসুল চৌধুরী (টিপু), তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহিমুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল
কাদের, আশিকুল ইসলাম, ফরহাদুল আলম, নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর প্রমুখ।

ভারপ্রাণ মেয়র আরো বলেন, সিটি কর্পোরেশনের প্রধান কাজ নগরীর পরিষ্কার-পরিচ্ছন্ন, আলোকায়ন ও রাস্তা-ঘাট সংস্কার করা।
এ কাজগুলো সঠিকভাবে করতে পারলে নগরবাসী পরিবেশবান্ধব নগরীতে বসবাস করবে। আফরোজা জহর মশার উপদ্রব থেকে
পরিত্রাণ পেতে প্রতিটি ওয়ার্ডে মশার ওষুধ ছিটানোর কাজ সঠিকভাবে তদারকী করার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান এবং তাঁর
দায়িত্ব পালনকালে সকলের সহযোগিতা কামনা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮